



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৫৮-১৫২০৬

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-২০১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বাগেরহাট-১০১/ ১৪৫০/১৫

তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব দীল ফারজানা ফারুকী বিখীর পদ বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-১০১/১৩৫৯/৬; তারিখঃ ১২/০৬/২০১৬খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.৪৪.০১০০.০১৮.৫২.৭২.১৬-৫২৬ (যুক্ত); তারিখঃ ১৮ অক্টোবর ২০১৬খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলাধীন চর কুলিয়া মহিলা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে প্রতিষ্ঠাতা দাবীদার জনাব সরদার হাবিবুর রহমান কর্তৃক একখানা অভিযোগ বোর্ডে দাখিল করা হয়। অভিযোগের বিষয়ে স্ব-পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র জরুরী ভিত্তিতে বোর্ডে দাখিল করার জন্য মাদরাসার সুপার জনাব মোঃ ইলিয়াস হোসেনকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার জনাব মোঃ ইলিয়াস হোসেন কাগজপত্র দাখিল করেন।

২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে মতামত প্রদানের জন্য দাখিলকৃত কাগজপত্র ও সংশ্লিষ্ট মাদরাসা সংক্রান্ত নথিটি অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে পরস্পর বিরোধী অভিযোগ থাকায় বিষয়টি অধিকতর তদন্তের জন্য জেলা প্রশাসক, বাগেরহাটকে পত্র দেয়া যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।

৩) আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনের তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে জেলা প্রশাসক, বাগেরহাটকে পত্র দেয়া হয়। জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে 'মাদরাসাটির শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য সভাপতি হিসেবে কয়েক বছরের জন্য একজন সরকারি কর্মকর্তাকে নিয়োগ করা জরুরী। অন্যথায় প্রতিষ্ঠাতা সভাপতি এবং বর্তমান সভাপতির মধ্যে বিরোধ চলতেই থাকবে এবং মাদরাসাটির কোন প্রকার উন্নয়ন তথা এলাকাবাসীর মেয়ে সন্তানদের মাদরাসা হতে দীনি শিক্ষার মানোন্নয়ন বাধাগ্রস্ত হবে' মর্মে উল্লেখ করা হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে মাদরাসার স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৪৩৮/২/নথি নং-বাগের-১০১; তারিখঃ ২০/০৭/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব দীল ফারজানা ফারুকী বিখীর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তাঁর সন্তোষজনক জবাব নিঃস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .০.৫... (৫.৩...) পাতা।

  
১৫/১২/২০১৬  
মোঃ নজমুল হুদা  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

পরীক্ষক  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, চর কুলিয়া মহিলা দাখিল মাদরাসা, মোল্লাহাট, বাগেরহাট।  
২) সুপার, চর কুলিয়া মহিলা দাখিল মাদরাসা, মোল্লাহাট, বাগেরহাট।

নং- বামাশিবো/প্রশা/বাগেরহাট-১০১/

তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার, মোল্লাহাট, বাগেরহাট।
৩. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪